

তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)

এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা

শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ১৪৯/২০১৬

অভিযোগকারী : জনাব শুক্লা তালুকদার
পিতা-ধর্মরত্ন তালুকদার
সি/ওঃ স্বনির্ভর ফার্মেসী, স্বনির্ভর
বাজার, গ্রাম-নারানখাইয়া,
পোস্ট+থানা+জেলা-খাগড়াছড়ি।

প্রতিপক্ষ : জনাব প্রতিমা রোয়াজা
সাধারণ সম্পাদিকা
ও
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)
ওয়াই.ডব্লিউ.সি.এ, মিলনপুর, খাগড়াছড়ি।

সিদ্ধান্তপত্র

(তারিখ : ৩০-০৮-২০১৬ ইং)

অভিযোগকারী ১৪-০৩-২০১৬ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে জনাব প্রতিমা রোয়াজা, সাধারণ সম্পাদিকা ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), ওয়াই.ডব্লিউ.সি.এ, মিলনপুর, খাগড়াছড়ি বরাবরে রেজিস্ট্রি ডাকযোগে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

- ১) ওয়াই.ডব্লিউ.সি.এ এর সদস্যদের সঞ্চয় জমা করা এবং উত্তোলনের নিয়ামাবলীর কপি পেতে চাই।
- ২) আমি ওয়াই.ডব্লিউ.সি.এ এর নারানখাইয়া গ্রামস্থ সংমনা সমিতির সদস্য। আমার সদস্য নং-১৩। আমার সঞ্চয়িত অর্থ কোন সিদ্ধান্তের ভিত্তিতে প্রদান করা হচ্ছে না তার সিদ্ধান্তের কপি পেতে চাই।
- ২। নির্ধারিত সময়ের মধ্যে প্রার্থিত তথ্য না পেয়ে অভিযোগকারী ০৩-০৫-২০১৬ তারিখে হেলেন মনিষা সরকার, নির্বাহী পরিচালক ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই), ওয়াই. ডব্লিউ.সি.এ, ৩/২৩ ইকবাল রোড, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭ বরাবরে রেজিস্ট্রি ডাকযোগে আপীল আবেদন করেন। আপীল আবেদনের পরও কোন প্রতিকার না পেয়ে তিনি ০৬-০৬-২০১৬ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করেন।
- ৩। ১০-০৭-২০১৬ তারিখের সভায় অভিযোগটি শুনানীর জন্য গ্রহণ করে ০৮-০৮-২০১৬ তারিখ শুনানীর দিন ধার্য করে সমন জারী করার সিদ্ধান্তের প্রেক্ষিতে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার প্রতি সমন জারী করা হয়।
- ৪। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা গরহাজির। পরবর্তী ৩০-০৮-২০১৬ তারিখে শুনানীর দিন ধার্য করে সমন জারী করার সিদ্ধান্তের প্রেক্ষিতে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার প্রতি সমন জারী করা হয়। অদ্য ৩০-০৮-২০১৬ তারিখ শুনানীতে অভিযোগকারী গরহাজির ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা হাজির।
- ৫। অভিযোগকারী গরহাজির থাকায় তার বক্তব্য পাওয়া যায় নি। প্রতিপক্ষ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, তার বক্তব্যে উল্লেখ করেন যে, চাহিত তথ্যাদি অভিযোগকারীকে সরবরাহ করায় অভিযোগকারী অভিযোগ প্রত্যাহার করেছেন উল্লেখ করে তিনি অত্র অভিযোগ থেকে অব্যাহতি চেয়ে তিনি কমিশনের নিকট আবেদন করেন।

পর্যালোচনা

উভয়পক্ষের বক্তব্য শ্রবণান্তে এবং দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা অভিযোগকারীর চাহিত তথ্যাদি সরবরাহ করায় তথ্য কমিশনের নির্দেশনা অনুযায়ী অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

সিদ্ধান্ত।

বিস্তারিত নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো :-

- ১। তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী অভিযোগকারীর চাহিত তথ্যাদি সরবরাহ করায় জনাব প্রতিমা রোয়াজা, সাধারণ সম্পাদিকা ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), ওয়াই.ডব্লিউ.সি.এ, মিলনপুর, খাগড়াছড়ি কে অব্যাহতি দেয়া হলো।
- ২। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর বিধি-৮ অনুযায়ী সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ ১-৩৩০১-০০০১-১৮০৭ নং কোডে সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ দেয়া হলো।
- ৩। নির্দেশনা বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত

(প্রফেসর ড. খুরশীদা বেগম সাঈদ)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত

(নেপাল চন্দ্র সরকার)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত

(অধ্যাপক ড. মোঃ গোলাম রহমান)
প্রধান তথ্য কমিশনার